

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মত্বার্থিকী উদ্যাপন সফল হোক”



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, সেপ্টেম্বর ১৯, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়  
প্রশাসন-৪ অধিকার্যকালীন

#### প্রজ্ঞাপন

তারিখ : ১৭ তার্ফ ১৪২৮ বঙ্গাব্দ/০১ সেপ্টেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয় : জাতীয় গণমাধ্যম ইনসিটিউটের শেখ রাসেল অডিটোরিয়াম ব্যবহারের নীতিমালা।

নং ১৫.০০.০০০০.০১৮.২২.০০২.১৭.১৫২—এতদ্বারা জাতীয় গণমাধ্যম ইনসিটিউটের শেখ  
রাসেল অডিটোরিয়াম ব্যবহার নীতিমালা জারি করা হলো :

- ১। **সংক্ষিপ্ত শিরোনাম :** এ নীতিমালা “শেখ রাসেল অডিটোরিয়াম বহুমাত্রিক ব্যবহার নীতিমালা,  
২০২১” নামে অভিহিত হইবে।
- ২। **সংজ্ঞা :** বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকলে, এ নীতিমালায় :
  - (ক) “কর্তৃপক্ষ” বলতে জাতীয় গণমাধ্যম ইনসিটিউট বুঝাবে।
  - (খ) “ব্যবহারকারী প্রতিষ্ঠান” বলতে অডিটোরিয়ামটি ব্যবহারের জন্য আবেদনকৃত এবং  
কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত কোনো প্রতিষ্ঠান বা ব্যক্তিকে বুঝাবে।
- ৩। **অডিটোরিয়াম নির্মাণের উদ্দেশ্য :**
  - ৩.১। প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়নের মাধ্যমে মানব সম্পদের উন্নয়ন সাধন।
  - ৩.২। আন্তর্জাতিক, আঞ্চলিক ও দেশীয় প্রশিক্ষণ, সেমিনার ও কর্মশালার আয়োজনের  
সুযোগ সৃষ্টি।
  - ৩.৩। সামাজিক, শিল্পসাহিত্য ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের বিকাশ ঘটানো।
  - ৩.৪। সরকারের রাজস্ব আয় বৃদ্ধি।

(১৩৬৪১)

মূল্য : টাকা ৮.০০

**৮। অডিটোরিয়াম ব্যবহারের শর্তাবলি :**

- ৮.১। এ ইনসিটিউট প্রয়োজনে যে কোনো দিন অডিটোরিয়াম ব্যবহার করতে পারবে।
- ৮.২। সরকারি, আধাসরকারি, স্বায়ভাসিত সংস্থা এবং বেসরকারি প্রতিষ্ঠান ও ব্যক্তি ভাড়ার বিনিময়ে অডিটোরিয়ামটি ব্যবহার করতে পারবে।
- ৮.৩। ভাড়ার বিনিময়ে অডিটোরিয়ামটি ব্যবহার করতে ব্যবহারের ০৭ (সাত) দিন পূর্বে লিখিত আবেদন করতে হবে। যে কাজে ভাড়ায় ব্যবহার করা হবে আবেদনে তা উল্লেখ করতে হবে।
- ৮.৪। এ ইনসিটিউট রাষ্ট্রীয় প্রয়োজনে যে কোনো সময় অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত অনুমোদন বাতিল, সংশোধন, সংযোজন বা পরিমার্জন করার ক্ষমতা সংরক্ষণ করবে।
- ৮.৫। ব্যবহারকারী প্রতিষ্ঠান কেবলমাত্র অনুমোদিত দিন/দিনসমূহে সকাল ০৯:০০ টা থেকে রাত ১০:০০ টা পর্যন্ত অডিটোরিয়ামটি ব্যবহার করতে পারবে।
- ৮.৬। শিক্ষামূলক অনুষ্ঠান, চলচিত্র প্রদর্শন, নাটক মঞ্চায়ন, সাংস্কৃতিক অনুষ্ঠানসহ সুস্থ চিত্তবিনোদন অনুষ্ঠান আয়োজনের জন্য এ অডিটোরিয়াম ব্যবহার করা যাবে।
- ৮.৭। ইনসিটিউটের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য রাত ১০:০০ টার পর কেবলমাত্র কর্তৃপক্ষের অনুমোদনকৃত অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠানের নিয়োজিত নিরাপত্তা কর্মী বা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ব্যক্তি অডিটোরিয়াম এলাকা বা এ ইনসিটিউট ক্যাম্পাসে অবস্থান করতে পারবে।
- ৮.৮। অডিটোরিয়ামের অধিকতর নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য প্রয়োজনে কর্তৃপক্ষ নিরাপত্তা কর্মী নিয়োগ করতে পারবে।
- ৮.৯। জাতীয় ইতিহাস, ঐতিহ্য, শিল্প-সংস্কৃতি এবং ধর্মীয় মূল্যবোধ পরিপন্থি কোনো অনুষ্ঠান অডিটোরিয়ামে আয়োজন করা যাবে না।
- ৮.১০। তবে বিদেশি কোনো প্রতিষ্ঠান বা ব্যক্তি স্ব-স্ব দেশের ইতিহাস, শিল্প-সংস্কৃতি বিকাশে অনুষ্ঠান করতে পারবে।
- ৮.১১। অডিটোরিয়ামের সুবিধাদি :
  - ক) ১৯২ আসনবিশিষ্ট শব্দ অন্তরক ব্যবস্থা।
  - খ) অডিটোরিয়াম সংলগ্ন ফিন বুম।
  - গ) শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা।
  - ঘ) যন্ত্রপাতিসহ শব্দ ও আলোক ব্যবস্থা এবং নিয়ন্ত্রণকক্ষ।
  - ঙ) অফিনির্বাপণ ব্যবস্থা।
  - চ) বেসমেন্টে ১০টি কার পার্কিং ব্যবস্থা।
  - ছ) ইন্টারকম সিস্টেম।

- ৮.১২। অডিটোরিয়ামের শীতাতপ নিয়ন্ত্রণ, শব্দ ও আলোক যন্ত্রপাতি ও আনুষঙ্গিক এবং মূলক্ষীন ও অগ্নিনির্বাপণ ব্যবস্থাসহ কারিগরি সকল বিষয়াদি এ ইনসিটিউটের জনবলের তত্ত্বাবধানে নিয়ন্ত্রিত ও পরিচালিত হবে।
- ৮.১৩। ব্যবহারকারী প্রতিষ্ঠান কর্তৃক স্থাপিত শব্দ বা আলোক সরঞ্জামাদির যথাযথ ব্যবহার করে চলচিত্র, নাটক বা অনুষ্ঠান পরিবেশন করতে হবে। চলচিত্র প্রদর্শনের ক্ষেত্রে প্রজেক্টর, শব্দ যন্ত্রপাতিসহ অন্যান্য প্রযোজনীয় যন্ত্রপাতি কর্তৃপক্ষের অনুমতিক্রমে ব্যবহারকারী প্রতিষ্ঠান স্থাপন করবে। এছাড়াও, অন্য কোনো অনুষ্ঠান প্রদর্শনের প্রয়োজনে কর্তৃপক্ষের অনুমতিক্রমে শব্দ বা আলোক সরঞ্জামাদি বাইরে থেকে ভাড়া করে এনে অডিটোরিয়ামে ব্যবহার করা যাবে।
- ৮.১৪। ব্যবহারকারী প্রতিষ্ঠানকে অনুষ্ঠান শেষ হবার সাথে সাথেই ভাড়া করা, সঙ্গে আনা স্টেসহ যাবতীয় সামগ্ৰী এ ইনসিটিউট ক্যাম্পাসের বাহিরে নিয়ে যেতে হবে। কোনো অবস্থাতেই এসব দ্রব্যাদি অডিটোরিয়ামের ভিতর বা অন্য কোনো স্থানে সংরক্ষণ করা যাবে না।
- ৮.১৫। ব্যবহারকারী প্রতিষ্ঠান, কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতীত অডিটোরিয়ামটির ভৌত অবকাঠামো, যন্ত্রপাতি এবং অন্য কোনো স্থাপনা পরিবর্তন, সংযোজন বা পরিমার্জন করতে পারবে না। তবে প্রযোজনবোধে অডিটোরিয়াম ও এর বাহিরে সাজসজ্জা, আলোক সজ্জা সরকারি নিয়ম অনুযায়ী করা যাবে।
- ৮.১৬। ব্যবহারকারী প্রতিষ্ঠান কর্তৃক অডিটোরিয়ামের ভৌত অবকাঠামো, সমুদয় যন্ত্রপাতি এবং আনুষঙ্গিক এর নিরাপত্তা নিশ্চিত করতে হবে। অনুষ্ঠান বা কার্যক্রম চলাকালীন সময় ব্যবহারকারী প্রতিষ্ঠানকে অডিটোরিয়াম ও ইনসিটিউট ক্যাম্পাসের নিরাপত্তা নিশ্চিত করার জন্য সার্বক্ষণিক পর্যাপ্ত সংখ্যক নিরাপত্তা কর্মী নিয়োজিত করতে হবে।
- ৮.১৭। অডিটোরিয়ামের কোনো দ্রব্য, আসবাবপত্র, যন্ত্রপাতি ইত্যাদির ক্ষতি হলে ব্যবহারকারী প্রতিষ্ঠান এ ইনসিটিউট কর্তৃক নির্ধারিত সময়সীমার মধ্যে নির্ধারিত হারে ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবে। অন্যথায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিবুদ্ধে কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।
- ৮.১৮। বিদ্যুৎ বিভাট হলে জাতীয় গণমাধ্যম ইনসিটিউট নিজস্ব জেনারেটর দিয়ে অডিটোরিয়ামে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা গ্রহণ করবে। এক্ষেত্রে জেনারেটর ব্যবহারের ব্যয় ব্যবহারকারী প্রতিষ্ঠান বহন করবে। তাৎক্ষণিকভাবে উক্ত ব্যয় পরিশোধ করতে হবে।
- ৮.১৯। অনিবার্য কারণে বিদ্যুৎ বিভাট, শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা, আলোক বা শব্দ ব্যবস্থার কোনো সমস্যা দেখা দিলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

- ৪.২০। ব্যবহারকারী প্রতিষ্ঠান আহারের জন্য নির্ধারিত স্থান ব্যতীত অডিটোরিয়াম বা এ ইনসিটিউটের ক্যাম্পাসের কোনো স্থান ব্যবহার করতে পারবে না।
- ৪.২১। ব্যবহারকারী প্রতিষ্ঠান অথবা ব্যক্তি কর্তৃক প্রদর্শিত চলচিত্র, মঞ্চায়িত নাটক বা সাংস্কৃতিক অনুষ্ঠান যদি জাতীয়/মুক্তিযুদ্ধের চেতনা পরিপন্থ, ধর্মীয় বিদ্বেষ সৃষ্টিকারী, অসামাজিক, অশালীন কিংবা আপত্তিকর বা উত্তেজনাকর বলে কর্তৃপক্ষের কর্তৃক বিবেচিত হয়, তবে কর্তৃপক্ষ যে কোনো সময় অনুষ্ঠান বন্ধসহ অডিটোরিয়াম ব্যবহারের অনুমতি বাতিল করতে পারবে। এরপুর ক্ষেত্রে প্রয়োজনে ব্যবহারকারী প্রতিষ্ঠানের বা ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে। ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠান এই অডিটোরিয়াম ব্যবহারের অযোগ্য বলে বিবেচিত হবে। এছাড়া, এ ক্ষেত্রে অগ্রিম পরিশোধকৃত অর্থের ৫০% (পঞ্চাশ শতাংশ) কর্তন করা যাবে।
- ৪.২২। অডিটোরিয়ামটি কোনো অবস্থাতেই কোনো প্রকার স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়ের বিশেষ কোর্স পরিচালনা কিংবা কোনো রাজনৈতিক সংগঠনের কর্মকাণ্ড পরিচালনার জন্য ব্যবহার করতে পারবে না।
- ৪.২৩। অডিটোরিয়ামে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের ক্ষেত্রে ব্যবহারকারী প্রতিষ্ঠানকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের নীতিমালা, বিদ্যমান আইন ও বিধিবিধান অনুসরণ করতে হবে।
- ৪.২৪। অডিটোরিয়াম ও এর সম্মিলিত এলাকায় ধূমপান, মাদকদ্রব্য সেবন এবং মদ্যপানসহ যে কোনো অসামাজিক কার্যক্রম সম্পূর্ণ নিষিদ্ধ। ব্যবহারকারী প্রতিষ্ঠানের কোনো নেশাত্ত, মাদকাসক্ত বা মারাত্মক সংক্রমিত ব্যক্তি/ব্যক্তিবর্গ অডিটোরিয়াম বা এ ইনসিটিউট ক্যাম্পাসে অবস্থান করতে পারবে না।
- ৪.২৫। অডিটোরিয়াম বা এর কোনো স্থানে অথবা এ ইনসিটিউটের ক্যাম্পাসে কোনো আঘেয়ান্ত্র বা সরকার কর্তৃক নিষিদ্ধ করা হয়েছে এমন দ্রব্য বহন বা সংরক্ষণ করা যাবে না। এর ব্যত্যয় ঘটলে অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠানের বা ব্যক্তির বিরুদ্ধে কর্তৃপক্ষ এবং আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।
- ৪.২৬। ব্যবহারকারী প্রতিষ্ঠান অডিটোরিয়াম ও এর সংলগ্ন এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবে।
- ৪.২৭। অডিটোরিয়ামের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের জন্য এ ইনসিটিউট বা তদন্তকর্তৃক মনোনীত প্রতিনিধি নিয়মিত অডিটোরিয়াম পরিদর্শন করবে। পরিদর্শনকালে অডিটোরিয়ামটির ভৌত অবকাঠামো, যন্ত্রপাতি এবং আনুষঙ্গিকের কোনো পরিবর্তন, সংযোজন, পরিমার্জন লক্ষ্য করলে তাৎক্ষণিক ব্যবহারকারী প্রতিষ্ঠানের দৃষ্টি আকর্ষণ করবে এবং ব্যবহারকারী প্রতিষ্ঠান ক্ষতিপূরণ প্রদানসহ দ্রুত সংশোধনের ব্যবস্থা করবে।

- ৪.২৮। অডিটোরিয়াম বরাদের আবেদন মঙ্গুর করা বা না করা এবং কোনো কারণ দর্শানো ছাড়া যে কোনো সময় প্রদত্ত অনুমতি বাতিল করার সম্পূর্ণ অধিকার জাতীয় গণমাধ্যম ইনসিটিউট সংরক্ষণ করবে। তবে, প্রদত্ত অনুমতি বাতিল করা হলে কর্তৃপক্ষ অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠানের জমাকৃত অর্থ ফেরত দিবে।

#### ৫। ভাড়ার হার :

- ৫.১। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা প্রতি কর্ম দিবসের ০৮ ঘণ্টার জন্য ২০,০০০ (বিশ হাজার) টাকা মাত্র এবং বেসরকারি সংস্থা/প্রতিষ্ঠান/ব্যক্তিকে প্রতি কর্ম দিবসের ০৮ ঘণ্টার জন্য ৩০,০০০ (ত্রিশ হাজার) টাকা মাত্র ভাড়া পরিশোধ করতে হবে।
- ৫.২। নির্ধারিত সময়ের অতিরিক্ত সময় অডিটোরিয়াম ব্যবহার করতে হলে সরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে অতিরিক্ত প্রতি এক ঘণ্টার জন্য ২,০০০ (দুই হাজার) টাকা এবং বেসরকারি প্রতিষ্ঠান/ব্যক্তির ক্ষেত্রে অতিরিক্ত প্রতি এক ঘণ্টার জন্য ৩,০০০ (তিনি হাজার) টাকা হারে অতিরিক্ত ভাড়া দিবে। ধার্যযোগ্য ভ্যাটসহ সর্বমোট হিসাবের টাকা জাতীয় গণমাধ্যম ইনসিটিউটের মহাপরিচালক ব্যবহার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জমা প্রদান করবে।
- ৫.৩। ব্যবহারকারী প্রতিষ্ঠান/ব্যক্তি কর্তৃক অডিটোরিয়াম ব্যবহারের পূর্বে জামানত বাবদ ৫,০০০ (পাঁচ হাজার) টাকা নগদ অগ্রিম কর্তৃপক্ষের নিকট জমা রাখতে হবে। অডিটোরিয়াম ব্যবহার ও তাদের আনা সকল সামগ্রী অপসারণের পর কর্তৃপক্ষ কর্তৃক অবিলম্বে তা ফেরত দেয়া হবে। তবে বিকাল ০৫:০০ টার পর অনুষ্ঠান শেষ হলে পরের দিন তা ফেরত দেওয়া হবে।

#### ৬। আবেদনের নিয়মাবলি :

- ৬.১। আগ্রহী প্রতিষ্ঠান বা ব্যক্তিকে নির্ধারিত অনুষ্ঠানের তারিখের ন্যূনতম ৭ (সাত) দিন পূর্বে অডিটোরিয়াম ব্যবহারের অনুমতি চেয়ে মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনসিটিউট, ১২৫/এ, দারুস সালাম, এ ডল্লিউ চৌধুরী রোড, মিরপুর, ঢাকা ব্যবহার লিখিত আবেদন করতে হবে।
- ৬.২। অনুষ্ঠান শুরুর নির্ধারিত তারিখের ন্যূনতম ২ (দুই) দিন পূর্বে অডিটোরিয়ামের ভাড়া ও অন্যান্য পাওনাদি অফিস চলাকালীন সময়ে পরিশোধ করতে হবে।
- ৬.৩। অডিটোরিয়ামের ভাড়া (প্রযোজ্য ভ্যাটসহ) ও জামানতের অর্থ প্রাপ্তির পর ব্যবহারকারী প্রতিষ্ঠানের অনুকূলে চূড়ান্ত অনুমতি পত্র প্রদান করা হবে। নির্ধারিত সময়ের মধ্যে অর্থ জমা দিতে ব্যর্থ হলে অডিটোরিয়াম ব্যবহারের অনুমতি দেয়া যাবে না। তবে সরকারি কর্মসূচি/অনুষ্ঠান পালনের ক্ষেত্রে এ শর্ত শিথিল করা যাবে।

- ৬.৪। কেবল চূড়ান্ত অনুমতি পত্র পাওয়া সাপেক্ষে অডিটোরিয়াম ব্যবহারে আগ্রহী প্রতিষ্ঠান বা ব্যক্তি অডিটোরিয়াম ব্যবহার করতে পারবে। চূড়ান্ত অনুমতি পত্র দেয়া হলে, কর্তৃপক্ষ নির্ধারিত প্রতিনিধির মাধ্যমে ব্যবহারকারী প্রতিষ্ঠানকে অডিটোরিয়ামটি ব্যবহারের সুবিধা দিবে।
- ৬.৫। অডিটোরিয়াম ব্যবহারের তারিখ পরিবর্তনের আবেদন জানালে অডিটোরিয়াম খালি থাকা সাপেক্ষে তারিখ পরিবর্তনের বিষয়টি বিবেচনা করা যেতে পারে।
- ৬.৬। চূড়ান্ত অনুমতিপত্র পাবার পর প্রতিষ্ঠান বা ব্যক্তি অডিটোরিয়ামে অনুষ্ঠান নির্ধারিত তারিখের ২৪ ঘণ্টা পূর্বে বরাদ্দ বাতিল করার আবেদন জানালে আগ্রহী প্রতিষ্ঠান বা ব্যক্তির জামানত থেকে ৫% কর্তন করা হবে। অডিটোরিয়ামের অনুষ্ঠান আয়োজনের জন্য বরাদ্দের নির্ধারিত তারিখে ভাড়া বা অনুষ্ঠান বাতিলের আবেদন জানালে জমা দেয়া অর্থের সম্পূর্ণই কর্তন করা হবে।
- ৬.৭। এক সংগঠনের নামে বরাদ্দকৃত অডিটোরিয়াম অন্য সংগঠন ব্যবহার করতে পারবে না।

#### ৭। রক্ষণাবেক্ষণ ও মেরামত :

- ৭.১। গণপূর্ত অধিদণ্ডের বাহিঃভূক্ত প্রতিষ্ঠান বিধায় গণপূর্ত অধিদণ্ডের (পূর্ত ও বৈঃ/যাঃ) কর্তৃক অডিটোরিয়ামটির ভৌত অবকাঠামো, সমুদয় যন্ত্রপাতি এবং আনুষঙ্গিক এর নিয়মিত রক্ষণাবেক্ষণ ও মেরামত কাজ সম্পন্ন করা হবে।
- ৭.২। এ ইনসিটিউট কর্তৃপক্ষ বা তদকর্তৃক মনোনীত প্রতিনিধি অডিটোরিয়ামটির ভৌত অবকাঠামো, সমুদয় যন্ত্রপাতি এবং দ্রব্যাদি নিয়মিত রক্ষণাবেক্ষণ ও মেরামত কাজ তদারিক করবে।
- ৭.৩। অডিটোরিয়ামের জরুরি মেরামত ও রক্ষণাবেক্ষণ (পূর্ত ও বৈঃ/যাঃ) কাজ প্রয়োজনবোধে এ ইনসিটিউট নিজস্ব বাজেট থেকে ব্যয় নির্বাহ করে নিজ ব্যবস্থাপনায় সম্পন্ন করতে পারবে।
- ৭.৪। এছাড়া, অডিটোরিয়ামের আধুনিকিকরণ কাজ এ ইনসিটিউট কর্তৃক প্রয়োজন অনুযায়ী সম্পন্ন করতে পারবে।

#### ৮। নীতিমালার ব্যাখ্যা :

- ৮.১। সরকারের অনুমোদন সাপেক্ষে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে অডিটোরিয়ামের বহুমাত্রিক ব্যবহার সংক্রান্ত নীতিমালা সংশোধন, সংযোজন বা পরিমার্জন করতে পারবে।
- ৮.২। এ নীতিমালার কোনো শব্দ বা শব্দাবলির ব্যাখ্যার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৯। নীতিমালার প্রয়োগ :

- ৯.১। এ নীতিমালা জারির তারিখ থেকে কার্যকর হবে।
- ৯.২। অভিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠানের জন্য সকল ক্ষেত্রেই কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ৯.৩। সরকার কর্তৃক এই নীতিমালা সংশ্লিষ্ট সময়ে সময়ে জারীকৃত আইন, বিধিমালা, নির্দেশনা ইত্যাদি অনুসরণযোগ্য হবে।
- ৯.৪। ব্যবহারকারীকে এই মর্মে অঙ্গীকার করতে হবে যে, আবেদনপত্রে বিধৃত সকল বিষয় ও তথ্য সম্পূর্ণ সত্য এবং আবেদনকারী অত্র নীতিমালার সকল শর্ত মানতে বাধ্য।

মোঃ মকবুল হোসেন  
সচিব।